



## জনসংযোগ কার্যালয় জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

সাভার, ঢাকা, বাংলাদেশ  
ফোন: ০২২২৪৪৯১০৮৫-৫১  
ফ্যাক্স: ০২২২৪৪৯১০৫২  
ওয়েবসাইট: www.juniv.edu

### প্রেস বিজ্ঞপ্তি

জাবি আইন ও বিচার বিভাগের শিক্ষার্থীরা ১৩-তম হেনরি ডুনান্ট মোমোরিয়াল মুটকোর্ট  
প্রতিযোগিতায় রানার আপ হওয়ায় উপাচার্যের অভিনন্দন

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, ২৬ সেপ্টেম্বর ২০২২।

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের আইন ও বিচার বিভাগের শিক্ষার্থীরা ১৩-তম হেনরি ডুনান্ট মোমোরিয়াল মুটকোর্ট প্রতিযোগিতায় রানার আপ হওয়ায় উপাচার্য অধ্যাপক ড. মো: নূরুল আলম তাঁদের অভিনন্দন জানিয়েছেন। আইন অনুষদের ভারপ্রাপ্ত ডিন তাপস কুমার দাসের নেতৃত্বে গতকাল উপাচার্যের সঙ্গে ট্রফি নিয়ে সাক্ষাৎ করতে এলে উপাচার্য তাঁদের অভিনন্দন জানান।

ইনডিপেনডেন্ট ইউনিভার্সিটিতে গত ২২ থেকে ২৪ সেপ্টেম্বর অনুষ্ঠিত এই প্রতিযোগিতায় দেশের ২৯টি সরকারি ও বেসরকারি বিশ্ববিদ্যালয় অংশগ্রহণ করে। ঢাকা ও জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের মধ্যে ফাইনল রাউন্ড অনুষ্ঠিত হয়। প্রতিযোগিতায় জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের আইন ও বিচার বিভাগের সামিন ইয়াসার ইসলাম সেরা বক্তা নির্বাচিত হন। জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের আইন ও বিচার বিভাগের অপর দুই প্রতিযোগী ছিলেন প্লাবনী নাগ ও মিনহাজুর রহমান।

ড. মোহাম্মদ মহিউদ্দিন  
পরিচালক (ভারপ্রাপ্ত)

